# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 19 April, 2025

জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) বৈঠক শুরু হয়েছে।আজ শনিবার সকাল সাড়ে ১০টায় জাতীয় সংসদের এলডি হলে এই বৈঠক শুরু হয়।

সকাল ১০টা ১৬ মিনিটের দিকে এলডি হলে ঢোকেন ঐকমত্যে কমিশনের সদস্যরা।সেখানে ছিলেন, কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ, সদস্য বদিউল আলম মজুমদার, ইফতেখারুজ্জামান ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার।

১০টা ২১ মিনিটের দিকে ঢোকেন এনসিপি নেতারা।দলটির ৮ সদস্যের প্রতিনিধিদলে ছিলেন, দলের আহ্বায়ক নাহিদ ইসলাম, সদস্যসচিব আখতার হোসেন,

জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন, যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার, জাবেদ রাসিন, মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দিন পাটোয়ারী, দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ ও সিনিয়র যুগ্ম সদস্য সচিব নাহিদা সারোয়ার নিভা।

১০টা ৩৪ মিনিটের দিকে এই বৈঠক শুরু হয়।প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার বৈঠক সঞ্চালনা করেন।শুরুতেই ভাষা আন্দোলন, স্বাধীনতা সংগ্রাম থেকে শুরু করে সর্বশেষ জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের প্রতি সহানুভূতি জানিয়ে আহতদের আরোগ্য কামনা করা হয়।

‘মৌলিক সংস্কার’ বলতে কী বোঝাতে চাইছে জাতীয় নাগরিক পার্টি

বৈঠক সূত্রে জানা গেছে, সেখানে প্রধানমন্ত্রীর ক্ষমতা, জাতীয় সাংবিধানিক কাউন্সিল, দ্বিকক্ষ বিশিষ্ট পার্লামেন্ট, আনুপাতিক নির্বাচন, সংবিধান সংশোধনের সীমাবদ্ধতা, জীবনে দুইবারের বেশি প্রধানমন্ত্রী না হওয়ার সুযোগ, নির্বাচিত উচ্চকক্ষ, নির্বাচিত রাষ্ট্রপতি, সংবিধান সংশোধনে গণভোট, বিচার বিভাগের রাজনীতিকরণ রোধ, নারীর ভোট ইত্যাদি বিষয়ে কথা বলবেন এনসিপি নেতারা।

জাতীয় ঐকমত্য কমিশন জাতীয় নাগরিক পার্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:43

URL: https://www.timestodaybd.com/bangladesh/8059861030